

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১২৪

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭

০৮ জুলাই ২০২০

বিষয়: চাঁদপুরে কোভিড-১৯ সংক্রমণ সনাক্তকরণ পরীক্ষাগার স্থাপনের লক্ষ্যে সহযোগিতা প্রদানের জন্য চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম - কে নির্দেশনা প্রদান।

সূত্র: স্মারক নং- ভাষাবীর এম. এ. ওয়াদুদ মেমোরিয়াল ট্রাস্ট এর সভাপতি মহোদয়ের গত ০৫.৭.২০২০ তারিখের পত্র।

চাঁদপুর জেলায় কোভিড-১৯ সংক্রমণ এবং মৃত্যুর হার তুলনামূলকভাবে বেশি। চাঁদপুরে সংক্রমণ পরীক্ষার কোনো ব্যবস্থা না থাকায় আক্রান্তদের যথাসময়ে পরীক্ষা করা অত্যন্ত সময়সাপেক্ষ। ফলে দ্রুত করোনা-আক্রান্ত রোগী সনাক্তকরণ ব্যাহত হচ্ছে। সম্প্রতি চাঁদপুর মেডিকেল কলেজের সহযোগিতায় ভাষাবীর এম. এ. ওয়াদুদ মেমোরিয়াল ট্রাস্ট কোভিড-১৯ সংক্রমণ সনাক্তকরণ পরীক্ষাগার স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে।

২। ইতোমধ্যে বেশ কিছু পাবলিক বিশ্ববিদ্যালয় নিজস্ব RT-PCR ল্যাবসমূহে কোভিড-১৯ সংক্রমণ সনাক্তকরণের কাজ শুরু করেছে এবং করোনা সংকট মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। বিশ্ববিদ্যালয়টি নিজস্ব ল্যাবে কোভিড-১৯ সংক্রমণ সনাক্তকরণ পরীক্ষা চালু করা ছাড়াও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং জামালপুরস্থ শেখ হাসিনা মেডিকেল কলেজেও অনুরূপ ল্যাব স্থাপনে ল্যাবর্যাটরি সরঞ্জামাদিসহ কারিগরি সহায়তা প্রদান করেছে।

৩। এমতাবস্থায়, চাঁদপুরে কোভিড-১৯ সংক্রমণ সনাক্তকরণ পরীক্ষাগার স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও বৈজ্ঞানিক সরঞ্জামাদিসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৮-৭-২০২০

নীলিমা আফরোজ

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭২১৮৫

উপাচার্য, চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

ইমেইল: ds_univ1@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০০১.১৯.১২৪/১

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭

০৮ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, ভাষাবীর এম. এ. ওয়াদুদ মেমোরিয়াল ট্রাস্ট
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, চাঁদপুর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮-৭-২০২০

নীলিমা আফরোজ

সিনিয়র সহকারী সচিব